CHICKS & FEEDS®
A Project Management Company
# নিউজ লেটার
বর্ষ-০৫, জানুয়ারি সংখ্যা ২০১৮

## আমাদের সেবাসমূহঃ

- প্রকল্প পরিকল্পনা
- প্রকল্প তৈরী
- প্রকল্প বাস্তবায়ন
- প্রকল্প ব্যবস্থাপনা
- বাজার গবেষণা

## আমাদের প্রকল্পসমূহঃ

- ফিডমিল
- সাইলো
- পোল্ট্রি হাউজ ও ইকুইপমেন্ট
- পোল্ট্রি প্রসেসিং
- মিট প্রসেসিং
- ও অন্যান্য কৃষি প্রকল্প

# পোল্ট্রি খাত দেশের অন্যতম বৃহৎ শিল্পখাতে পরিণত হয়েছে: প্রধানমন্ত্রী



ফাইল ছবি

“মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং প্রাণিসম্পদ অধিদপ্তরের যৌথ উদ্যোগে ২০-২৫ জানুয়ারি ‘প্রাণিসম্পদ সেবাসপ্তাহ ২০১৮’ পালন উপলক্ষে তাঁর বাণীতে প্রধানমন্ত্রী বলেন বাংলাদেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছে। জনগণের সুষম পুষ্টি নিশ্চিত করে একটি মেধাবী জাতি গঠনের মাধ্যমে উন্নত-সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলাই এখন আমাদের লক্ষ্য। সুষম পুষ্টি নিশ্চিতকরণে প্রাণিজ আমিষের ভূমিকা অপরিহার্য। গ্রামীণ কর্মসংস্থান, সার্বিক বেকারত্ব হ্রাস, রপ্তানি আয় বৃদ্ধির পাশাপাশি প্রাণিজ আমিষের চাহিদা মিটিয়ে একটি স্বাস্থ্যবান প্রজন্ম গড়ে তুলতে প্রাণিসম্পদ খাতের গুরুত্ব অপরিসীম।

"আমরা প্রাণিসম্পদ বিষয়ক গবেষণায় বরাদ্দ বৃদ্ধি করেছি"। মাঠ পর্যায়ে ক্ষুদ্র খামারি ও কৃষক-গণকে গবাদি পশু ও হাঁস-মুরগি পালন বিষয়ে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে ৬৩টি উপজেলায় প্রাণিসম্পদ উন্নয়ন কেন্দ্র প্রতিষ্ঠা করা হয়েছে। গবাদি পশু-পাখির সুষম খাদ্য নিশ্চিতকরণে মিনি পশুখাদ্য বিশ্লেষণ ল্যাব প্রতিষ্ঠা করা হয়েছে। দুধ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৫ শতাংশ সুদে ঋণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রী ‘প্রাণিসম্পদ সেবাসপ্তাহ ২০১৮’-এর সার্বিক সাফল্য কামনা করেছেন।

উল্লেখ্য "বাড়াবো প্রানীজ আমিষ গড়বো দেশ, স্বাস্থ্য মেধা সমৃদ্ধির বাংলাদেশ" এ শ্লোগানকে সামনে রেখে শনিবার থেকে বৃহস্পতিবার (২০-২৫ জানুয়ারি) পর্যন্ত ‘প্রাণিসম্পদ সেবাসপ্তাহ ২০১৮’ পালন করা হচ্ছে।

সৌজন্য: http://www.agrilife24.com

কাস্টমার কেয়ার :
017 CKNFEEDS
25633337

E-mail: info@cknfeeds.com

অফিসঃ হোল্ডিং নং-০৮, সড়ক-১৪, ধানমন্ডি, ঢাকা-১২০৯

Website: www.cknfeeds.com
Phone: +880 2 9121205-06; 9121456

# চিকস্ এ্যান্ড ফিডস্ -এর ২০১৭ সাল

## ৭ম আন্তর্জাতিক কৃষি প্রযুক্তি মেলায় চিকস্ এ্যান্ড ফিডস্

কৃষি নির্ভর বাংলাদেশের আর্থনীতির মূল চালিকা শক্তি হচ্ছে কৃষি। সময়ের পরিক্রমায় কৃষি বর্তমানে প্রযুক্তি নির্ভর হয়ে পড়েছে। গবেষণার মাধ্যমে প্রতিদিনই নতুন নতুন প্রযুক্তি আসছে। এসব প্রযুক্তিকে মানুষের দোরগোড়ায় পৌঁছানোর লক্ষে এসব প্রযুক্তিকে উদ্দোক্তা ও খামারিদের মাঝে তুলে ধরতে গত ১১-১৩ জানুয়ারি ২০১৭ তে ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরায় স্থনীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের তত্ত্বাবধানে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া এবং Limra Trade Fairs & Exhibitions Pvt.Ltd. এর যৌথ আয়োজনে অনুষ্ঠিত হয় ৭ম আন্তর্জাতিক কৃষি প্রযুক্তি মেলা-২০১৭।
মেলায় শ্রেষ্ঠ স্টলের পুরস্কার পায় FCM ও CHICKS & FEEDS। এখানে উল্লেখ্য যে এই ৭ম আন্তর্জাতিক কৃষি মেলা আয়োজনের টাইটেল স্পন্সর ছিল FCM ।





## ১০ম আন্তর্জাতিক পোল্ট্রি মেলায় চিকস্ এ্যান্ড ফিডস্

প্রাণিজ আমিষের চাহিদা অনুযায়ী যোগানের ঘাটতি পুরনের লক্ষে ২০২১ সালের মধ্যে ডিম ও মুরগি উৎপাদন দ্বিগুন করার কথা ভাবছেন নীতিনির্ধারকগণ। এজন্য দরকার পোল্ট্রি শিল্পের ব্যাপক সম্প্রসারণ। আর সেই সম্প্রসারণ ও বর্তমান অবস্থা সম্পর্কে জানাতে ওয়াপসা-বিবি'র আয়োজনে রাজধানীর ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি, বসুন্ধরায় ২-৪ মার্চ ২০১৭ অনুষ্ঠিত হয় '১০ম আন্তর্জাতিক পোল্ট্রি শো ও সেমিনার' যা পোল্ট্রি মেলা নামেই পরিচিত।
তিনদিন ব্যাপি মেলায় সেরা স্টল হিসাবে যুগ্মভাবে দ্বিতীয় পুরস্কার লাভ করে চিকস্ এ্যান্ড ফিডস্ লিমিটেড ও রেনেটা লিমিটেড।
৩ দিনব্যাপি এই মেলার প্লাটিনাম স্পন্সর ছিল ASTINO।



## বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের পোল্ট্রি শেডের উপকরণ প্রদান

পোল্ট্রি মেলা নামে পরিচিত ১০ম আন্তর্জাতিক পোল্ট্রি শো-তে তিনদিন ব্যাপী মেলায় চিকস্ এ্যান্ড ফিডস্ লিমিটেডের স্টলে ASTINO এর একটি আদর্শ নিয়ন্ত্রিত পোল্ট্রি শেড স্থাপন করা হয় যা মেলায় ব্যাপক প্রশংসিত হয়। এই শেডে স্থাপিত যন্ত্রপাতি থেকে মেলা শেষে যন্ত্রপাতিগুলো শিক্ষার মান উন্নয়নে শিক্ষার্থীদেরকে হাতে কলমে অত্যাধুনিক পোল্ট্রি শেডের যন্ত্রপাতি প্রদর্শনের জন্য শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের পোল্ট্রি বিজ্ঞান বিভাগকে ১০ টি নিপল ড্রিংকারের একটি সেট ও কয়েকটি প্লাস্টিক স্লাট এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয়কে ফিডার ইকুইপমেন্ট প্রদান করা হয়। ASTINO -এর উৎপাদিত এসব যন্ত্রপাতি প্রদান করেন চিকস্ এ্যান্ড ফিডস্ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক জনাব এখলাসুল হক।







## চিকস্ এ্যান্ড ফিডসের নতুন সেবা

এ বছরই চালু হয়েছে চিকস্ এ্যান্ড ফিডসের নতুন এক সেবা। ফিডমিলের সাথে Online Connectivity 'র মাধ্যমে Online Maintanance । সমসাময়িক কালে বাংলাদেশে অত্যাধুনিক ফিডমিল স্থাপন করা হচ্ছে। এই সমস্ত ফিডমিলগুলোতে রয়েছে Online Connectivity এবং আমাদের কাস্টমার সার্ভিস টিম আফিসে বসেই ফিডমিলগুলোর সাথে যুক্ত হয়ে ফিডমিলের PCL-এর সাথে সংযুক্ত সবরকম সমস্যা যেমন, Batching System, Update, New Data Input, Report Preparation ইত্যাদি সমাধান করতে পারবে।



আমাদের সাম্প্রতিক ফিডমিলগুলোর মধ্যে Nourish, RRP, Nahar Agro, Shah Amla ইত্যাদি ফিডমিলগুলো এই Online Maintanance -এর আওতাভুক্ত। ভবিষ্যতে আমাদের পুরোনো ফিডমিলগুলোও এই Online Maintanance- এর আওতায় নিয়ে আসা হবে।

Online Connectivity তেমনি একটা মাইল ফলক যার দ্রুততম সেবা ফিডমিলগুলোকে দেবে বাড়তি সুবিধা ও বাড়তি গতি। যা গতিময় বাজার এবং সময়ের চাহিদা মেটাতে খুবই সহায়ক ভূমিকা রাখবে।

## চিকস্ এ্যান্ড ফিডসের বার্ষিক বনভোজন ২০১৭

কোম্পানির সদস্যদের অফিস, কাজ, আর প্রতিদিনের একঘেয়েমী শহুরে জীবনে একটু স্বাস্তির ছোঁয়া দেয়ার জন্য প্রতিবছরই আয়োজন করা হয় বার্ষিক বনভোজনের। প্রতিবছরের মতো এবারো তার ব্যতিক্রম হয়নি। ২৪ নভেম্বর২০১৭ গাজিপুরের শফিপুর, তালতলিতে আয়োজন করা হয় এই আনন্দ মেলার। বনভোজনের দিনটি ছিল কোম্পানির সকল সদস্যদের পরিবারসহ অংশ গ্রহনে, ঘোরাঘুরি, খাওয়া-দাওয়া, খেলাধুলা, আর গান-বাজনায় মুখোর।





## চিকস্ এ্যান্ড ফিডস্ টিমে তিনজন তরুণ ইঞ্জিনিয়ারের যোগদান

গত ১৭ বছর ধরে প্রথম পরামর্শক থেকে উৎপাদন পর্যন্ত গ্রাহকদের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে সেবা দিয়ে আসছে চিকস্ এ্যান্ড ফিডস্ লিমিটেড। আর এই সেবা প্রদান নিশ্চিত করার লক্ষে ক্রমশই বড় হচ্ছে চিকস্ এ্যান্ড ফিডস্এর ইঞ্জিনিয়ারিং টিম। এ বছরই আমাদের চিকস্ এ্যান্ড ফিডস পরিবারে যোগদান করেছেন আরো তিনজন তরুণ ইঞ্জিনিয়ার। আমাদের বিশ্বাস ভবিষ্যতে আমরা আরো উন্নত গ্রাহক সেবা নিশ্চিত করতে পারব।

## কয়েকটি প্রজেক্টের সফল সমাপ্তি

বর্তমানে দেশের একটি স্বনামধন্য প্রজেক্ট ম্যানেজমেন্ট কোম্পানি চিকস্ এ্যান্ড ফিডস্ লিমিটেড। গত ১৭ বছর ধরে নারিশ,প্যারাগন এগ্রো, আর আর পি, নাহার এগ্রোর মতো খ্যাতনামা কোম্পানিসহ ছোট বড় অনেক সফল প্রজেক্ট সম্পন্ন করেছে। যারা বর্তমানে দেশের একদিন বয়সি মুরগির বাচ্চা, পোল্ট্রি ও মাছের খাদ্য, মাংসের মুরগি এবং ডিমের চাহিদা পূরণে বিশ্বস্ত এবং উল্লেখযোগ্য ভূমিকা রেখে চলেছে। ২০১৭ সালেও চিকস্ এ্যান্ড ফিডস্ সফলভাবে সম্পন্ন এবং হস্তান্তর করেছে বেশ কিছু প্রজেক্ট। প্যারাগন ব্রিডার ফার্ম (রংপুর), প্যারাগন লেয়ার ফার্ম (গাজিপুর), প্যারাগন ব্রয়লার ফার্ম (গাজিপুর), নারিশ ব্রিডার ফার্ম সাগরদীঘি-২, আবির পোল্ট্রি ব্রিডার ফার্ম, ইয়ন গ্রুপ জামালপুর ব্রিডার ফার্ম, আর আর পি ব্রিডার ফার্ম (গোবিন্দগঞ্জ), আর আর পি ফিডমিল ইউনিট ৩ এবং ৪, আর আর পি লেয়ার ফিড প্লান্ট, নাহার এগ্রো ফিডমিল, শাহ আমলা ফিডমিল ইত্যাদি।

## নারিশের সাগরদীঘি-২ ফার্মে নতুন প্যারেন্ট স্টক

দেশের পোল্ট্রি খাতের নেতৃত্বদানকারী প্রতিষ্ঠান নারিশ পোল্ট্রি। যারা একদিন বয়সী মুরগীর বাচ্চার ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষে স্থাপন করে চলেছে একটির পর একটি ব্রিডার ফার্ম। গত অক্টোবর ২০১৭ তে তিনটি দ্বিতল ভবনে মোট ছয়টি শেডে স্থাপিত নারিশের আরো একটি পোল্ট্রি ব্রিডার শেড সাগরদীঘি-২ হস্তান্তর করেছে চিকস্ এ্যান্ড ফিডস্ লিমিটেড। এই ব্রিডার শেডে ব্যবহৃত মালেশিয়ার বিখ্যাত ASTINO এর উৎপাদিত যন্ত্রপাতি সরবরাহ করা হয়েছে। এই ব্রিডার ফার্মটিতে মোট ১০৮০০০ ব্রয়লার প্যারেন্ট স্টক পালন করা হচ্ছে। সাগরদীঘি-২ নারিশের বড় ফার্মের মধ্যে একটি। উল্লেখ্য যে সাগরদীঘি-২ তে ASTINO এর তিনটি দ্বিতল ঘরের সাথে GSI কোম্পানিও তিনটি দ্বিতল ঘর সরবরাহ করেছে।



## প্যারাগন পোল্ট্রি

দেশের পোল্ট্রি শিল্পে হ্যাচারি, ব্রিডার ফার্ম, ফিডমিল, পোল্ট্রি কেয়ার ল্যাব, প্রসেসিং ও ফারদার প্রসেসিং প্লান্টসহ বিভিন্নভাবে অবদান রেখে চলা একটি প্রতিষ্ঠান প্যারাগন গ্রুপ। গাজিপুরের শ্রীপুরে তাদেরই একটি প্রজেক্ট বাণিজ্যিক ব্রয়লার খামার। যাতে আছে ASTINO এর তিনটি অত্যাধুনিক প্রিফেব্রিকেটেড পরিবেশবান্ধব শেড। এবছর চিকস্ এ্যান্ড ফিডস্ রংপুর এবং গাজিপুরের বেশ কয়েকটি স্থানে প্যারাগন লেয়ার ফার্ম, ব্রয়লার ফার্ম এবং ব্রিডার ফর্মের কাজ সফলভাবে সম্পন্ন করেছে।



## নাহার এগ্রো

২০১৭ সালে চিকস্ এ্যান্ড ফিডসের সফলভাবে শেষ করা একটি উল্লেখযোগ্য ফিডমিল প্রজেক্ট হলো নাহার এগ্রোর ফিডমিল ইউনিট-১। এ বছরই সফলভাবে নির্মান কাজ সম্পন্ন করে হস্তান্তরকৃত এই ফিডমিলটি ঘন্টায় ২০-৩০ টন খাদ্য উৎপাদন ক্ষমতাসম্পন্ন একটি পোল্ট্রি খাদ্যের মিল। এটি বর্তমানে বাজারে পোল্ট্রি খাদ্যের চাহিদার একটা বড় অংশ পূরণে ভূমিকা রেখে চলেছে।

নাহার এগ্রোর প্রতি ঘন্টায় ১০ টণ উৎপাদন ক্ষমতা সম্পন্ন একটি লেয়ার ফিড প্লান্টেরও সফলভাবে নির্মান সমাপ্তি হয়েছে ২০১৭ সালের অক্টোবর মাসে। বর্তমানে এই প্লান্ট থেকে লেয়ার মুরগির খাদ্য উৎপাদন করা হচ্ছে।

সেই সাথে এগিয়ে চলেছে নাহারের দুই লাইনের মাছের ভাসমান খাবারের প্লান্টের কাজ।




## শাহ আমলা ফিডমিল

২০১৭ সালে চিকস্ এ্যান্ড ফিডসের সফলভাবে শেষ করা আরো একটি ফিডমিল প্রজেক্ট হলো নরসিংদীতে অবস্থিত শাহ আমলা পোল্ট্রি ও মাছের ডুবন্ত খাদ্যের মিল। ঘন্টায় ১২-১৫ টন উৎপাদন ক্ষমতাসম্পন্ন এই ফিডমিলটি এই বছরের এপ্রিল মাসে নির্মান সম্পন্ন করে হস্তান্তর করা হয়। যেটি বর্তমানে সফলভাবে উৎপাদন কাজ চালিয়ে যাচ্ছে।

## তরুন ইঞ্জিনিয়ারের অকাল মৃত্যু



অনেক সফলতার সাথে চিকস্ এ্যান্ড ফিডসের ২০১৭ সালের প্রাপ্তিতে ঘটেছে এক হৃদয় বিদারক ঘটনাও। ১০ সেপ্টেম্বর ২০১৭ ভোর ৫টায় চট্টগ্রাম যাওয়ার পথে কুমিল্লার মিয়া বাজারে এক সড়ক দুর্ঘটনায় ইন্তেকাল করেন চিকস্ এ্যান্ড ফিডসের সম্বাবনাময় তরুন ইঞ্জিনিয়ার মোঃ মহিউদ্দিন রানা( ইন্নাহলিল্লাহি ওয়া ইন্না ইলাইহির রাজিউন)। তাঁর এই অকাল মৃত্যু তাঁর সকল আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব, সহকর্মীদের এবং চিকস্ এ্যান্ড ফিডস্ পরিবারের সকলকে শোকে স্তব্ধ করে দিয়েছে। কারন তাঁর মতো উদীয়মান তরুন মেধাবী একজন ইঞ্জিনিয়ারের এমন অকাল মৃত্যু মেনে নেওয়া যায়না।

আমরা মহান আল্লাহতালার কাছে তাঁর আত্মার শান্তি কামনা করছি।

# শেষ পর্যায়ে RRP এক্সট্রুডেড ফিশ মিলের কাজ

RRP দেশের স্বনামধন্য ও বিশ্বস্ত একটি ফিডমিল প্রতিষ্ঠান। বর্তমানে প্রতিষ্ঠানটির দুটি ইউনিট দেশের পোল্ট্রি খাদ্য চাহিদার একটি বড় অংশ যোগান দিয়ে যাচ্ছে। আমাদের দেশে এক্সট্রুডেড ফিশ ফিডের প্রচলিন প্রতিনিয়তই বেড়ে চলেছে। RRP প্রচলিত এই চাহিদা পূরণের অঙ্গিকার নিয়েই ঈশ্বরদীতে স্থাপন করেছে Unit- 3। এই এক্সট্রুডেড ফিশ ফিডমিলটি RRP -এর একমাত্র মাছের খাদ্য তৈরির প্লান্ট।

প্রচলিত ধারনায় এক্সট্রুডেড ফিশ ফিড বলতে মূলত ভাসমান ফিশ ফিডকে বোঝায় এবং এই মেশিনকে বলা হয় ফ্লোটিং ফিড মেশিন। আসলে এক্সট্রুশন টেকনোলজিতে ভাসমান অথবা ডুবন্ত উভয় প্রকার খাদ্য উৎপাদন করা সম্ভব। FCM -এর এক্সট্রুডার একই সাথে ডুবন্ত, ভাসমান অথবা ধীরে ডোবা খাদ্য উৎপাদন করতে পারে। আর FCM -এর এই এক্সট্রুডার ব্যবহার করেই নির্মিত হচ্ছে RRP-Unit 3। যা সরবরাহ করছে দেশের খ্যাতনামা প্রজেক্ট ম্যানেজমেন্ট কোম্পানি "চিকস্ এ্যান্ড ফিডস্ লিমিটিড"। এই প্রকল্পে সংশ্লিষ্ট চিকস্ এ্যান্ড ফিডসের ইঞ্জিরিয়ার জনাব মোঃ নজরুল ইসলাম জানিয়েছেন আশা করা যায় চলতি বছরের ফেব্রুয়ারী মাসেই এই মিলটি উৎপাদনে যাবে।




এছাড়া খ্যাতনামা এই ফিডমিল প্রতিষ্ঠানের আরো একটি প্লান্ট RRP-Unit 4-এরও নির্মান কাজ শেষের দিকে। বর্তমানে ইউনিটটির স্টীল স্ট্রাকচারের কাজ চলছে। পোল্ট্রি খাদ্যের এই ইউনিটটি আশা করা যায় চলতি বছরের এপ্রিল মাসের দিকে নির্মান কাজ শেষ করে উৎপাদনে যাবে।




## এগিয়ে চলেছে নাহার এগ্রোর দুই লাইনের মাছের ভাসমান খাবরের প্লান্টের কাজ

নাহার এগ্রো ফিডমিল প্রতিষ্টানে একটি সুপরিচিত নাম। যারা দেশের পোল্ট্রি ও লেয়ার ফিড চাহিদার একটা বড় অংশের যোগান দিয়ে চলেছে। দেশের চলমান ফিশফিড চাহিদা পূরনের লক্ষ নিয়ে নাহার এগ্রো প্রতিষ্ঠা করতে যাচ্ছে ঘন্টায় ১০-১২ টণ উৎপাদন ক্ষমতা সম্পন্ন দুই লাইনের একটি ভাসমান মাছের খাদ্যের প্লান্ট। বর্তমানে এটির মেশিন ইনস্টলেশনের কাজ চলছে। এই প্রজেক্টে সংশ্লিষ্ট চিকস্ এ্যান্ড ফিডস্ে ইঞ্জিনিয়ারগণ জানিয়েছেন আশা করা যায় এবছরেরই মাঝামাঝি পর্যায়ে এটির নির্মান কাজ সম্পন্ন করে এই ফিশফিড মিলটি উৎপাদন কাজ শুরু করতে পারবে।




# এগিয়ে চলেছে নারিশের নতুন ব্রিডার হাউজ সাগরদীঘি-৩ এর কাজ

দেশে বিদ্যমান পোল্ট্রি চাহিদা পূরণের অঙ্গীকার নিয়ে এগিয়ে চলা এবং দেশের পোল্ট্রি শিল্পে বিশেষ ভুমিকা রাখা একটি প্রতিষ্ঠান নারিশ পোল্ট্রি। গত অক্টোবর ২০১৭ তে তিনটি দ্বিতল ভবনে মোট ছয়টি শেডে স্থাপিত নারিশের একটি পোল্ট্রি ব্রিডার শেড সাগরদীঘি-২ হস্তান্তর করেছে চিকস্ এ্যান্ড ফিডস্ লিমিটেড। নারিশের ৭টি দ্বিতল ভবনে নির্মিত আরো একটি পোল্ট্রি ব্রিডার শেড সাগরদীঘি-৩ এর কাজ চলছে পুরোদমে। বর্তমানে এটির ইনস্টলেশন কাজ চলছে। আশা করা যায় এবছরের জুন মাস নাগাদ এই শেডের নির্মান কাজ শেষ করে নতুন প্যারেন্ট স্টক পালন করা হবে।

উল্লেখ্য যে, নারিশের সাগরদীঘি-৩ ব্রিডার ফার্ম দেশের অন্যতম আধুনিক একটি ব্রিডার ফার্ম যা সম্পূর্ণ স্বয়ংক্রিয় এবং বায়ো সিকিউরিটি সম্পন্ন। এই শেডটিতেও ব্যবহার করা হচ্ছে ASTINO-এর উৎপাদিত যন্ত্রপাতি যা সরবরাহ করছে চিকস্ এ্যান্ড ফিডস্ লিমিটেড।








# উদ্বোধন হয়ে গেল EON গ্রুপের দুটি নতুন পোল্ট্রি শেডের

বগুড়ার কাহালুতে অবস্থিত EON গ্রুপের দুটি পোল্ট্রি শেডের উদ্বোধন হয়ে গেল গত ১৪ জানুয়ারী ২০১৮ তে। এই দুটি শেডে মালেশিয়ার বিখ্যাত ASTINO এর উৎপাদিত অত্যাধুনিক পোল্ট্রি ইকুইপমেন্ট ব্যবহার করা হয়েছে যা সরবরাহ করেছে প্রজেক্ট ম্যানেজমেন্ট কোম্পানী চিকস্ এ্যান্ড ফিডস্ লিমিটেড। এই পোল্ট্রি শেডে ভেন্টিলেশন সিস্টেম, ড্রিংকিং সিস্টেম, চেইন ফিডিং সিস্টেম, মেইল ফিডিং সিস্টেম ইত্যাদি ইকুইপমেন্ট ব্যবহৃত হয়েছে যা বিখ্যাত ASTINO এর উৎপাদিত।










বর্ষ-০৫ , জানুয়ারি সংখ্যা ২০১৮

## Our Global Partners:

**FCM, China**
Turn-key Feed Mill Project

**AGI, Canada**
Grain Handling and Storage Silo

**ASTINO, Malaysia**
Environment Controlled House & Equipment

**SASSO, France**
The World's Largest Choice of Coloured Breeders

**Meyn, Netherland**
Poultry Processing Solution

**V-Cons Group, Belgium**
Cattle & Sheep Slaughterlines and Cutting Plants

**Ishii Poultry, Japan**
Single-stage, Multi-stage Incubators & Hatchery Automation

**Kishore, India**
Complete & Comfortable Home for Chickens

## Our valued Customers :

- Abir Poultry & Hatchery Ltd.
- Afil Agro Ltd.
- AG Agro Industries Ltd.
- Bangla Feed Mill Ltd.
- CSD, Bangladesh Army
- EON Group
- Golden Poultry & Fish Feeds Ltd.
- Gram Bangla Poultry & Fish Feed Ltd.
- Index Agro Industries Ltd.
- Kazi Farms Group
- Kulsum Feed
- Nahar Agro Group
- National Group
- Nourish Poultry & Hatchery Ltd.
- Paragon Agro Ltd.
- Perfect Agro Complex Ltd.
- Prime Agro Industries Ltd.
- Provita Feed Ltd.
- RRP Feed Mill
- Satkhira Feed Industries Ltd.
- Shah Amla Feed Mill
- Sughandha Feedmill Ltd.,etc.

অফিসঃ বাসা-৮ , সড়ক-১৪ , ধানমন্ডি , ঢাকা-১২০৯
ফোনঃ + ৮৮০ ২ ৯১২ ১২০৫-০৬ , ৯১২ ১৪৫৬ , ০১৭১১ ২৬২৩৯৪
Customer Care: 017 CKNFEEDS 25633337